সংবাদ

তারিখ ১9 JUN 2017
পৃষ্ঠা ৬ কলাম ৬

খিলগাঁও গভর্নমেন্ট স্টাফ কোয়ার্টার হাইস্কুল

# শিক্ষিকার শ্লীলতাহানির অভিযোগে গ্রেফতার প্রধান শিক্ষকের পক্ষে তদবির

নিজস্ব বার্তা পরিবেশক

রাজধানীর খিলগাঁওয়ে খণ্ডকালীন নিয়োগ পাওয়া এক মহিলা শিক্ষককে শ্লীলতাহানির অভিযোগে গ্রেফতার খিলগাঁও গভর্নমেন্ট স্টাফ কোয়ার্টার হাইস্কুলের লম্পট প্রধান শিক্ষক সর্দার মোহাম্মদ হেলাল উদ্দিকে রক্ষায় রাজনৈতিক তদবির শুরু হয়েছে। একজন এমপির এপিএস পরিচয়ে এক আওয়ামী লীগ নেতা ওই শিক্ষককে রক্ষায় নানামুখী চেষ্টা চালাচ্ছেন। শিক্ষিকাকে শ্লীলতাহানির মামলায় গ্রেফতারের ৪ দিন পার হয়ে গেলেও ওই শিক্ষককে জিজ্ঞাসাবাদের জন্য পুলিশ রিমান্ড আবেদনও জানায়নি। অভিযোগের সত্যতা পাওয়া গেলেও প্রধান শিক্ষক সর্দার হেলাল উদ্দিনকে স্কুল থেকে বরখাস্তও করা হয়নি। গত ১৪ জুন খিলগাঁও থানা পুলিশ স্কুলের এক মহিলা শিক্ষকের দেয়া অভিযোগে প্রধান শিক্ষক হেলাল উদ্দিনকে গ্রেফতার করে। তবে অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে স্কুল কর্তৃপক্ষ এখনও কোন ব্যবস্থা নেয়নি। অভিযোগ রয়েছে খিলগাঁও গভর্নমেন্ট স্টাফ কোয়ার্টার স্কুলের প্রধান শিক্ষকের বিরুদ্ধে স্কুলের মহিলা শিক্ষক থেকে শুরু করে ছাত্রীদেরও যৌন হয়রানির অসংখ্য অভিযোগ থাকলেও কথিত এপিএসের আশ্রয়ে থাকায় তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়া হয়নি।

শ্লীলতাহানির শিকার খিলগাঁও গভর্নমেন্টের স্টাফ কোয়ার্টার স্কুলের ভুক্তভোগী শিক্ষিকা টেলিফোনে সংবাদকে জানান, তিনি চলতি বছরের ২১ মার্চ খিলগাঁও গভর্নমেন্ট স্কুলে খণ্ডকালীন শিক্ষিকা হিসেবে যোগদান করেন। স্কুলে যোগদান করার পর থেকেই প্রধান শিক্ষক সর্দার মোহাম্মদ হেলাল উদ্দিন তাকে নানাভাবে উত্ত্যক্ত

**শিক্ষিকার** : পৃষ্ঠা : ২ ক : ২

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর